# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 07-07-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ইন্দোনেশিয়া সফররত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সেদেশের প্রেসিডেন্ট প্রাবোও সুবিয়ান্তের সঙ্গে প্রতিনিধি পর্যায়ের বৈঠক করেছেন। দু-দেশের মধ্যে একাধিক চুক্তি স্বাক্ষরিত।

প্রধানমন্ত্রী বলেছেন ভারত – ইন্দোনেশিয়া অংশিদারিত্বে আজ এক স্বর্ণিল অধ্যায়ের সূচনা হয়েছে।

২) প্রধানমন্ত্রীকে ইন্দোনেশিয়ার সর্বোচ্চ নাগরিক সম্মান বিনতাং আদিপূর্ণা প্রদান করা হয়েছে।

৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ আজ নতুন দিল্লিতে ২০২৬-এর ডুরান্ড কাপ ট্রফির আবরণ উন্মোচন করেছেন।

৪) পশ্চিমবঙ্গের রাজ্যসভার তিনটি আসনে উপ-নির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হয়েছে। মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন ১৪-ই জুলাই।

৫) তৃণমূল কংগ্রেসের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সন্দেহজনক তহবিল যোগানো এবং অসৎ আর্থিক লেনদেন মামলায় ইডি আজ কলকাতায় পাঁচটি জায়গায় তল্লাশি চালিয়েছে।

৬) ফিফা ফুটবল বিশ্বকাপের রাউন্ড অফ সিক্সটিনের শেষ পর্বে আর্জেন্টিনা, মিশরের এবং সুইজারল্যান্ড – কলম্বিয়ার মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইন্দোনেশিয়া সফররত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সেদেশের প্রেসিডেন্ট প্রাবোও সুবিয়ান্তোর সঙ্গে প্রতিনিধি পর্যায়ের বৈঠক করেছেন। দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক পর্যালোচনার পাশাপাশি, দুদেশের সুসংহত কৌশলগত অংশীদারিত্ব' আরও মজবুত করার লক্ষ্যে তাঁদের মধ্যে কথা হয়েছে। পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে দুই নেতার উপস্থিতিতে সমঝোতা স্মারক পত্র-মৌও স্বাক্ষরিত হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত ও ইন্দোনেশিয়ার কৌশলগত অংশীদারিত্ব বর্তমানে এক নতুন মাত্রা পেয়েছে। জাকার্তায় ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট প্রবোও সুবিয়ান্তোর সঙ্গে এক যৌথ সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, পারস্পরিক আস্থা বৃদ্ধির ফলে প্রতিরক্ষা, নিরাপত্তা ও সামুদ্রিক ক্ষেত্রে সহযোগিতা মজবুত হয়েছে। প্রতিরক্ষা সরঞ্জাম আদান-প্রদান, বিপর্যয় ব্যবস্থাপনা ও শিল্পক্ষেত্রে সহযোগিতা আরও বাড়াতে সম্মত হয়েছে উভয় দেশ।

বাইট-মেরিটাইম

ভারত-ইন্দোনেশিয়া অংশীদারিত্বে আজ এক নতুন স্বর্নিল অধ্যায়ের সূচনা হবে বলে শ্রী মোদী জানান।

প্রধানমন্ত্রী বলেছেন, দু-দেশের মধ্যে স্বাক্ষরিত একটি চুক্তির ফলে ভারতের উচ্চমানের এবং সাশ্রয়ী মূল্যের ওষুধ সহজেই ইন্দোনেশিয়ার মানুষের কাছে পৌঁছে দেওয়া সম্ভব হবে। ইন্দোনেশিয়ার চিকিৎসক ও স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত কর্মীদের দক্ষতা বৃদ্ধিতে ভারত সহায়তা করবে। ভারতে সরবরাহ করা গমের বীজ, ইন্দোনেশিয়ার খাদ্য নিরাপত্তা বৃদ্ধিতে সহায়ক হবে। বিরল খনিজ এবং ইস্পাত ক্ষেত্র সরবরাহ শৃঙ্খল আরও শক্তিশালী এবং স্থিতিশীল করতে উভয় দেশই গুরুত্বপূর্ণ সমঝোতায় পৌঁছেছে।

(বাইট-মৌ)

শ্রী মোদী আরও বলেন, ভারতে ইউনিফায়েড পেমেন্টস্ ইন্টারফেস UPI শীঘ্রই ইন্দোনেশিয়ার অন লাইন পেমেন্ট ব্যবস্থার সঙ্গে সংযুক্ত হবে। এরফলে ব্যবসা-বাণিজ্য-ভ্রমণ, সব ক্ষেত্রেই সুবিধা মিলবে।

সেদেশের প্রেসিডেন্ট সুবিয়ান্ত, আগামীকাল ভারত ও ইন্দোনেশিয়া অভিন্ন সাংস্কৃতিক ঐক্যের প্রতীক হিসেবে এক হাজার বছরেরও বেশি পুরনো প্রাম্বানান মন্দিরে সংরক্ষণ প্রকল্পের সূচনা করবেন। শ্রী মোদী এই অনুষ্ঠানে অংশ নেবেন। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ইন্দোনেশিয়া সফরের শতবর্ষ উদযাপনে দুই দেশই অংশগ্রহণ করছে বলে শ্রী মোদী উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী বলেন, বিশ্বজুড়ে নানা অনিশ্চয়তার সমাধানে ভারত সর্বদাই কূটনীতি এবং আলোচনাকে গুরুত্ব দিয়ে এসেছে। ইন্দোনেশিয়ার সর্বোচ্চ নাগরিক সম্মান বিনতাং আদিপূর্ণা অফ দ্য রিপাবলিক অফ ইন্দোনেশিয়া – তাঁকে প্রদানের জন্য ধন্যবাদ জানান শ্রী মোদী। ভারতের জনগণকে এই সম্মান উৎসর্গ করেছেন তিনি।

বাইট-সম্মান

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আজ ইন্দোনেশিয়ার সর্বোচ্চ নাগরিক সম্মান, বিনতাং আদিপুরনা প্রদান করা হয়েছে। ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট প্রাবোও সুবিয়ান্তো ইস্তানা মেরডেকায় এক অনুষ্ঠানে তাঁকে সম্মানিত করেন। ভারত ও ইন্দোনেশিয়ার মধ্যে কৌশলগত অংশীদারিত্ব এবং বন্ধুত্বপূর্ন সম্পর্ক আরও শক্তিশালী করার ক্ষেত্রে অভুতপূর্ব অবদানের স্বীকৃতিতে শ্রী মোদীকে এই সম্মান দেওয়া হয়েছে।

এর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে রাষ্ট্রপতি ভবনে স্বাগত জানানো হয়।

ooooooooooooooooooooooooo

বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে বিন্তাং আদিপূর্ণা অফ দি রিপাবলিক অফ ইন্দোনেশিয়া সম্মান প্রদান সমস্ত ভারতবাসীর কাছে গর্বের বিষয়। সামাজিক মাধ্যমে এক পোস্টে ডক্টর জয়শঙ্কর বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কৌশলগত অংশীদারিত্ব এবং ভারত আশিয়ান সম্পর্ক আরো গভীর করার জন্য যে চেষ্টা চালিয়ে যাচ্ছেন, এই সম্মান তারই স্বরীকৃতি। বিন্তাং আদিপূর্ণা অফ দি রিপাবলিক অফ ইন্দোনেশিয়া সম্মান এর সূচনা হয় **১৯৫৯** সালে। রিপাবলিক অফ ইন্দোনেশিয়া, একতা, স্থায়িত্ব ও উন্নতির উদ্দেশ্যে কোনো ব্যক্তির কাজের স্বীকৃতি স্বরূপ এই সম্মান প্রদান করে

oooooooooooooooooooooooo

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং প্রধানমন্ত্রীর এই সম্মান প্রাপ্তির জন্য অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী সিং , বলেছেন প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্ব এবং ভারতের জাতীয় স্বার্থ রক্ষার তাঁর অটল প্রতিশ্রুতির প্রতিফলন হল এই সম্মান ।

লোকসভা অধ্যক্ষ ওম বিড়লাও ,প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে এই প্রসঙ্গে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী বিড়লা বলেন, এই মর্যাদাপূর্ণ সম্মান ভারত-ইন্দোনেশিয়া অংশীদারিত্বের অগ্রগতির প্রতিফলন ।

oooooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গে এবারের বিষয় প্রধানমন্ত্রীর ইন্দোনেশিয়া সফর ও সে দেশে প্রবাসী বাঙ্গালীদের জীবনযাত্রা। প্রধানমন্ত্রীর সফরসঙ্গী আমাদের প্রতিনিধি সন্দীপন দাশগুপ্ত কথা বলেছেন সেখানে বসবাসকারী ভারতীয়দের সঙ্গে। অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি ডিটিএইচ বাংলা এবং আকাশবাণী কলকাতা সংবাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

ooooooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু আজ নতুন দিল্লিতে ২০২৬ সালের ডুরান্ড কাপ টুর্নামেন্টের ট্রফির অনাবরণ করেছেন। এই উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, ডুরান্ড কাপ, প্রেসিডেন্টস কাপ এবং শিমলা ট্রফির চ্যাম্পিয়ন হওয়ার জন্য এবছর নতুন দলগুলি প্রতিযোগিতা করবে। এবারের টুর্নামেন্টে শ্রীলঙ্কার অংশগ্রহণ নিয়ে সন্তোষ ব্যক্ত করে শ্রমিতি মুর্মু বলেন, নতুন দলের অন্তর্ভুক্তি এই ঐতিহাসিক প্রতিযোগিতাকে আরও জনপ্রিয় করবে।

(বাইট-রাষ্ট্রপতি)

রাষ্ট্রপতি টুর্নামেন্টে অংশগ্রহণকারী সব দল এবং খেলোয়াড়দের শুভেচ্ছা জানিয়েছেন।

তিনি বলেন, ফুটবল মানুষকে জোটবদ্ধ করার অনন্য ক্ষমতা রাখে। খেলাধূলা শৃঙ্খলা, দৃঢ়তা এবং দলবদ্ধ থাকার চেতনাকে আরও দৃঢ় করে। এই টুর্নামেন্ট, সম্ভাবনাময় খেলোয়ারদের প্রতিভাকে কাজে লাগাতে সহায়ক হবে বলে আশাপ্রকাশ করেন রাষ্ট্রপতি।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে রাজ্যসভার তিনটি আসনে উপনির্বাচনের জন্যে আজ বিজ্ঞপ্তি জারির সঙ্গেই শুরু হয়েছে মনোনয়ন দাখিলের কাজ। মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন ১৪ জুলাই। পরদিন জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৭ জুলাই।

আগামী ২৪ জুলাই ঐ তিনটি আসনে উপনির্বাচন হবে। ঐ দিনই বিকেল ৫টা থেকে ভোটগণনা।

উল্লেখ্য, রাজ্যসভায় তৃণমূল কংগ্রেসের তিন সাংসদ সুখেন্দু শেখর রায়, সুস্মিতা দেব এবং প্রকাশ চিক বরাইক ইস্তফা দেওয়ায় এই আসনগুলি শূন্য হয়।

২৭ জুলাইয়ের মধ্যে নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ করার নির্দেশ দিয়েছে কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেসের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সন্দেহজনক তহবিল যোগানো এবং অসৎ আর্থিক লেনদেন মামলায় ইডি আজ কলকাতায় পাঁচটি জায়গায় তল্লাশি চালিয়েছে। ইডি-র প্রাথমিক তদন্তে উঠে এসেছে, বিমান পরিবহণ এবং ভ্রমণ সংস্থার মাধ্যমে সন্দেহজনক উদ্দেশ্যে দেড়শো কোটি টাকারও বেশি ওই অ্যাকাউন্টে পাঠানো হয়েছে। বৌ-বাজার ও লালবাজার সংলগ্ন এলাকায় দুটি ট্যুর অ্যান্ড ট্রাভেল সংস্থাতে ইডি তল্লাশি চালিয়েছে। দুটি সংস্থাই অভিষেক ব্যানার্জীর ঘনিষ্ঠ বলে সন্দেহ করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের ঘটনা এবং এর জেরে তৈরি হওয়া জনরোষের প্রেক্ষিতে জাতীয় মহিলা কমিশন স্বতঃপ্রণোদিত মামলা রুজু করেছে। গোটা ঘটনায় উদ্বেগ ব্যক্ত করে রাজ্য পুলিশের মহানির্দেশকের কাছ থেকে সাত দিনের মধ্যে বিস্তারিত অ্যাকশন টেকেন রিপোর্ট চাওয়া হয়েছে। ভারতীয় ন্যায় সংহিতা এবং পক্সো আইনের কোন্ ধারায় মামলা রুজু হয়েছে, কতজন গ্রেপ্তার এবং তদন্তের অগ্রগতি - এই রিপোর্টে জানাতে হবে। পাশাপাশি নাবালিকার দেহ উদ্ধারের পর ইন্দ্রদীপ তাঁতী নামে এক ব্যক্তির গণ পিটুনিতে মৃত্যুর ঘটনায় দ্রুত ব্যবস্থা, ময়নাতদন্ত ও ফরেন্সিক পরীক্ষা নিরীক্ষা এবং আক্রান্তের পরিবারকে কি ধরনের সহায়তা দেওয়া হয়েছে, তাও কমিশনকে রিপোর্ট আকারে জানাতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর সফরের আগে তদন্তের অগ্রগতি খতিয়ে দেখতে বিশেষ তদন্তকারী দল (সিট)-এর সদস্যদের সঙ্গে আজ বৈঠক করেন ।

বারুইপুর কাণ্ডের তদন্তে গঠিত সিটের সমস্ত তদন্তকারী আধিকারিক এই বৈঠকে উপস্থিত ছিলেন। তদন্তের বর্তমান অগ্রগতি, ফরেন্সিক রিপোর্ট, অভিযুক্তদের জিজ্ঞাসাবাদ, পলাতকদের খোঁজ এবং পরবর্তী তদন্তের রূপরেখা নিয়ে বিস্তারিত আলোচনা হয় বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

মূল অপরাধের পাশাপাশি ঘটনার পরবর্তী অশান্তি, গণপিটুনি, রেল অবরোধ এবং ভাঙচুর সংক্রান্ত মামলাগুলির তদন্তও দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। তদন্তে কোনও গাফিলতি বরদাস্ত করা হবে না বলেও বৈঠকে স্পষ্ট বার্তা দেওয়া হয়েছে।

এই বৈঠকের পরই বারুইপুরে যাওয়ার কথা রয়েছে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর। সেখানে তিনি নির্যাতিতার পরিবারের সঙ্গে দেখা করবেন এবং প্রশাসনের শীর্ষ আধিকারিকদের নিয়ে আইনশৃঙ্খলা পরিস্থিতিও পর্যালোচনা করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, সমৃদ্ধির প্রকৃত সৌন্দর্য মানবতা ও নিঃস্বার্থ সেবার মধ্যেই নিহিত রয়েছে। সংস্কৃত শুভাসিতম সমাজ মাধ্যমের সকলের সঙ্গে ভাগ করে নিয়ে শ্রী মোদী বলেন, সাফল্য তখনই পূর্নতা পায়, যখন তা জনগণের কল্যাণ এবং সমাজের মঙ্গলে কাজে লাগে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেরালার কোচিতে আগামীকাল থেকে দুই দিন ব্যাপী ব্রিকস মহিলা মন্ত্রীগোষ্ঠী র বৈঠক শুরু হতে চলেছে । নারী ও শিশু উন্নয়ন মন্ত্রক জানিয়েছে, ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির মন্ত্রীরা মহিলা নেতৃত্বাধীন উন্নয়নের জন্য অভিন্ন দৃষ্টিভঙ্গি এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির কৌশলগত দিক নিয়ে মতবিনিময় করবেন ।অনুষ্ঠানে একটি পূর্ণাঙ্গ অধিবেশন এবং বিষয়ভিত্তিক আলোচনায় বিশেষজ্ঞ, নীতিনির্ধারক ও অভিজ্ঞরা অংশ নেবেন । পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়, নতুন উদ্ভাবন এবং মহিলাদের ক্ষমতায়নের জন্য পদক্ষেপ গ্রহণ সহ একাধিক সুযোগ তৈরি করবে এই বৈঠক ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্বকাপের রাউন্ড অফ সিক্সটিনের শেষ পর্বের খেলায় গতবারের চ্যাম্পিয়ন আর্জেন্টিনা খেলবে মিশরের বিরুদ্ধে। আটলান্টা স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে ৯ টায়। অন্য খেলায়, সুইজারল্যান্ড, কলম্বিয়ার বিরুদ্ধে খেলবে। ভ্যাঙ্কুভার স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত দেড়টায়।

বিশ্বকাপ ফুটবলে, বেলজিয়াম ও স্পেন কোয়ার্টার ফাইনালে উঠেছে। রাউন্ড অফ সিক্সটিনের খেলায়, আজ, বেলজিয়াম, ৪-১ গোলে মার্কিন যুক্তরাষ্ট্রকে হারিয়ে দেয়। ৯ মিনিটে বেলজিয়ামের হয়ে চার্লস ডি ক্যাটলারে প্রথম গোল করেন। ৩১ মিনিটে যুক্তরাষ্ট্রের মালিক টিলম্যান সেই গোল শোধ করেন। এরপর, বেলজিয়ামের হয়ে ৩৩ মিনিটে চার্লস ডি ক্যাটলারে, ৫৭ মিনিটে হান্স ভানাকেন ও দ্বিতীয়ার্ধের সংযুক্ত সময়ে রোমেলু লুকাকু গোল করেন।

অন্য খেলায়, গতরাতে, স্পেন ১-০ গোলে পর্তুগালকে হারিয়ে দেয়। স্পেনের হয়ে দ্বিতীয়ার্ধের সংযুক্ত সময়ে, একমাত্র গোলটি করেন মিকেল মেরিনো।

শেষ আটে স্পেন, বেলজিয়ামের বিরুদ্ধে খেলবে।